# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-টিসি/কলেজ/১ম বর্ষ/২০১৬/৮৪৭ তারিখ: ২০/০৯/২০১৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্রের অনুমতির আবেদন গ্রহণ আগামী ২১/০৯/২০১৬ তারিখ থেকে শুরু হবে। আগামী ১৭/১০/২০১৬ তারিখ পর্যন্ত ছাড়পত্রের আবেদন গ্রহণ করা হবে। পরিবর্তিত কলেজে আসন খালি থাকা ও ন্যূনতম জিপিএ পূরণ শর্ত সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে পারবে। ছাড়পত্রের অনুমতির আবেদন ফরম ও নির্দেশাবলী বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, ছাড়পত্রের মাধ্যমে যে সকল শিক্ষার্থী কলেজ পরিবর্তনের অনুমতি পাবে তাদেরকে অবশ্যই পূর্বের ভর্তিকৃত কলেজ হতে ছাড়পত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করে পরিবর্তিত কলেজে ভর্তির সময় জমা প্রদান করতে হবে। কারণ ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত কলেজ থেকে শিক্ষার্থীদের eSIF পূরণ করা হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

২০/০৯/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

ছাড়পত্রের অনুমতির আবেদনপত্র

| TN | | | | |
|---|---|---|---|---|
| বোর্ড কর্তৃক পূরণীয় | | | | |

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়ঃ **২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের অনুমতির আবেদন।**

মহোদয়,
সবিনয় নিবেদন এই যে, আমি ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী, বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে ৫ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

আমার তথ্যসমূহ:

১। নিজ নাম (বাংলায়) :..............................................................................................................

(ইংরেজীতে এসএসসি অনুযায়ী) :..................................................................................................

২। পিতার নাম :.............................................................................................. মোবাইল..........................................

৩। মাতার নাম :.............................................................................................. মোবাইল..........................................

৪। বর্তমান কলেজের নাম (ইংরেজী বড় অক্ষরে) :......................................................................... EIIN...................

৫। ভর্তিচ্ছু কলেজের নাম (ইংরেজী বড় অক্ষরে) :......................................................................... EIIN...................

৬। এসএসসি'র রোল নংঃ ..................................... পাসের সাল : ............................. বোর্ড :...........................................

রেজিস্ট্রেশন নংঃ ............................................................................................ সেশন..............................................

৭। শিক্ষার্থীর পঠিত গ্রুপ (✓ চিহ্ন দিন): ক) বিজ্ঞান খ) ব্যবসায় শিক্ষা গ) মানবিক

৮। ছাড়পত্র গ্রহণের কারণ :............................................................................................................

৯। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা :.........................................................................................................

১০। সোনালী সেবার রশিদ নংঃ.................................................. ......খার নাম :......................................... তারিখ............

শিক্ষার্থীর পূর্ণ নাম

**বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

আবেদনকারী অত্র কলেজের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক গ্রুপের একজন নিয়মিত শিক্ষার্থী। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ড বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট অত্র শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষিত আছে। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং :.............................................. অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

**ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন**

অত্র কলেজে বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক গ্রুপে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক ...................... আসন বরাদ্দের বিপরীতে ................... জন অধ্যয়নরত আছে বিধায় ক্রমিক-১ এ বর্ণিত শিক্ষার্থীকে...................... তম শিক্ষার্থী হিসেবে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির জন্য বোর্ড অনুমতি দিলে ভর্তি করতে আমার আপত্তি নেই।

অধ্যক্ষের মোবাইল নং :.............................................. অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

## ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা

### ১। আবেদনের নিয়মাবলী ঃ-

ক. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ **২১/০৯/২০১৬ হতে ১৭/১০/২০১৬** তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখার ৩০৬ নং কক্ষে জমা দিয়ে TN (Tracking Number) নিবে যা অবশ্যই সংরক্ষণ করতে হবে। আবেদনপত্র যথাযথ থাকলে ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইটে দেয়া হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে।

খ. অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

গ. পরিবর্তিত কলেজে আসন খালি থাকা ও ন্যূনতম জিপিএ পূরণ শর্ত সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে পারবে।

ঘ. প্রতিটি কলেজ ছাড়পত্র প্রদানকৃত এবং ছাড়পত্রের মাধ্যমে ভর্তির জন্য সুপারিশকৃত শিক্ষার্থীদের রেজিস্টার সংরক্ষণ করবে।

ঙ. বোর্ড কর্তৃক ছাড়পত্রের অনুমতির আদেশ জারির ০৫ (পাচঁ) কর্ম দিবসের মধ্যে তাদেরকে অবশ্যই পূর্বের ভর্তিকৃত কলেজ হতে ছাড়পত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করে পরিবর্তিত কলেজে ভর্তির সময় জমা প্রদান করতে হবে। কারণ, ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত কলেজেই শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের (eSIF পূরণ) কাজ সম্পন্ন করতে হবে।

চ. সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজীবী পিতা বা মাতার বদলি জনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতির প্রয়োজন নেই। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারী বদলির আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করে নেয়া যাবে। এক্ষেত্রে, কলেজ কর্তৃপক্ষকে এ ধরণের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

ছ. শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে ঢাকা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এর College Order এবং তারপর Transfer Certificate এ ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত 1st Year TC TN (Tracking Number) দেখে শিক্ষার্থী তার নিজের আদেশটি Print করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে TC নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।

### ২। আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে ঃ-

ক. সচিব, বিআইএসই, ঢাকা-এর অনুকূলে সোনালী ব্যাংকের যেকোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার সোনালী সেবার রশিদ।

খ. এসএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।

গ. বাসস্থান পরিবর্তনের প্রমানস্বরূপ সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়ন পত্র।

২০/০৯/২০১৬

**ড. মোঃ আশফাকুস সালেহীন**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন: ৯৬১৫২৩৬